

ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ মানসিক ও সামাজিক সমস্যা রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

প্রশ্ন: বিশ্ববিদ্যালয়ের জীবনে এক ক্লাসমেটের সাথে আমার সম্পর্ক ছিল; আমি তওবা করেছি এবং সে সম্পর্ক ছিন্ন করেছি। তার কাছে আমার কিছু ছবি রয়ে গেছে। তার কিছু ছবিও আমার কাছে আছে। আমি কি সে ছবিগুলো তার থেকে ফেরত চাইব এবং তার ছবিগুলো তাকে ফেরত দিব। কারণ এগুলো রাখা তো হারাম। নাকি আমি চুপ থাকব; যাতে করে দ্বিতীয়বার তার সাথে কথা বলা এড়িয়ে চলতে পারি।

উত্তর:

আলহামদুলিল্লাহ।

কোন নারীর জন্য বেগানা পুরুষের সাথে সম্পর্ক গড়া নাজায়েয। কারণ এ সম্পর্ক গড়ার মধ্যে অনেক হারাম বিষয় সম্পৃক্ত। যেমন- দেখা সাক্ষাত, কথা শুনে ও কোমল কণ্ঠ শুনে মজা পাওয়া, তার কাছে মন পড়ে থাকা। আর এর বাইরে আরও যা কিছু ঘটতে পারে সেগুলো তো আরও জঘন্য ও মারাত্মক। এ ধরনের সম্পর্ক ইসলামে নিষিদ্ধ নারী-পুরুষের অবাধ মেলামেশার মাধ্যমে তৈরী হয়। যে মেলামেশা থেকে নেককার ব্যক্তিগণ উপর্যুপরি নিষেধ করে আসছেন এবং এর ভয়াবহতা বর্ণনা করে যাচ্ছেন।

আরও জানতে 84089 নং প্রশ্নোত্তর দেখুন।

আমরা আল্লাহর প্রশংসা করছি যিনি আপনাকে তওবা করার তাওফিক দিয়েছেন এবং এ পাপ থেকে আপনাকে দূরে সরিয়ে এনেছেন।

আর যে ছবিগুলো আপনার কাছে আছে- যদি আপনার প্রবল ধারণ হয় যে, সে ছেলে আপনার সাথে কোন বাহানা করবে না; কালক্ষেপণ করবে না; যাতে আরেকটু সময় সম্পর্কটা টিকিয়ে রাখতে পারে তাহলে আপনি তার কাছে ছবিগুলো চাইতে পারেন এবং তার ছবিগুলো তাকে দিয়ে দিতে পারেন।

আর যদি আপনি আশংকা করেন যে, আপনার এ চাওয়াটাকে সে সুযোগ হিসেবে গ্রহণ করে আপনাকে হুকমি দিবে, আপনার সাথে টালবাহানা করবে কিংবা আপনার প্রবল ধারণা হয় যে, সে ছবিগুলো দিবে না তাহলে তার কাছে ছবিগুলো চাওয়ার দরকার নেই। তার যে সব ছবি আপনার কাছে আছে সেগুলো আপনি নষ্ট করে ফেলুন। কারণ যা অবশিষ্ট রাখলে হারামের কথা স্মরণ হবে কিংবা যা আপনাকে হারামের দিকে ডাকবে তা রাখা নাজায়েয়।

শয়তানের চক্রান্ত ও নানা রকম উপসর্গ সম্পর্কে সাবধান থাকতে হবে। যাতে করে এই ছবিগুলো নিয়ে চিন্তা করতে গিয়ে তার সাথে কথা বলার আগ্রহ সৃষ্টি না হয়। যদি সে রকম কিছু হয় তাহলে ছবির বিষয়টি আপনি বেমালুম ভুলে যান। আল্লাহর উপর তাওয়াক্কুল করুন। তিনিই মুমিন বান্দাকে হেফাযতকারী।

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যেন আপনাকে হেফাযত করেন; আপনাকে তাঁর আনুগত্যের উপর অবিচল রাখেন এবং চক্রান্তকারীর চক্রান্ত থেকে আপনাকে নিরাপদে করেন।



আল্লাহই ভাল জানেন।

ফুটনোট

https://islamqa.info/bn/145477

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5847

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন